

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।
www.dwa.palash.narsingdi.gov.bd



স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০০.১১.০০১.১৯- ২০৭,

তারিখঃ ০৯ / ০৯ / ২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন ঘোড়াশাল পৌরসভার কিশোর-কিশোরী ক্লাবের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদ সংখ্যা	যোগ্যতা
১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে ১ দিন)	১ জন	এস, এস, সি পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে আগামী ২০/০৯/২০২২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। শূন্য পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পদ শূন্য হলে অনুমোদিত প্যানেল হতে মেধাক্রম অনুসারে নিয়োগ প্রদান করা হবে।
- ৩। প্রার্থীকে পলাশ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলায় যোগ্য প্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী উপজেলার নিকটবর্তী প্রার্থীকে নিয়োগ প্রদান করা হবে।
- ৪। সরকার নির্ধারিত কোটায় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ৫। আগামী ১৫/০৯/২০২২ তারিখ সংশ্লিষ্ট পদে প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র কন্যার পুত্র-কন্যা, প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ (বত্রিশ) বছর। সংশ্লিষ্ট উপজেলায় নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

চলমান পাতা-২

✱